

# পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : www.wbcuta.org

সার্কুলার- ৯/২০১৯

তারিখ : ০৬ - ০৮ - ২০১৯

কনভেনর প্রাইমারী ইউনিট,/ সম্পাদক জেলা কমিটি  
-----কলেজ/বিশ্ববিদ্যালয়  
প্রিয় সার্থী,

প্রথমেই আপনাদের অভিনন্দন জানাই সমিতির আহ্বানে ২৬ জুলাই-এর বিক্ষোভ-অবস্থান এবং ২৯ জুলাই-এর শিক্ষার মিছিল কর্মসূচি দুটিকে আপনাদের সক্রিয় উপস্থিতি দিয়ে সফল করে তোলার জন্য।


আপনাদের অবগতির জন্য জানাই গত ৫ আগষ্ট, ২০১৯, সোমবার কর্মসমিতির পদাধিকারীসহ রাজ্য কমিটির কয়েকজন সদস্য বন্ধু দীর্ঘ অনাদায়ী কিছু পেশাগত দাবি দাওয়া নিয়ে রাজ্যের ডাইরেক্টর অফ পাবলিক ইনস্ট্রাকশনস (ডি.পি.আই)-এর সাথে দেখা করেন। সদস্য বন্ধুদের দীর্ঘ দিনের ন্যায্য দাবি আদায়ে সদর্থক ভূমিকা পালন করবে এমন আলোচিত বিষয়গুলি সম্পর্কে আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি।

রাজ্যের বিভিন্ন কলেজে অধ্যাপনায় যে সব বন্ধুরা কর্মজীবন আরম্ভ করতে চলেছেন তাদের মধ্যে অনেকেই পুলিশ ভেরিফিকেশন এবং মেডিক্যাল ফিটনেস টেস্ট না হওয়ার কারণে কলেজ সার্ভিস কমিশন কর্তৃক মনোনীত হওয়া সত্ত্বেও কাজে যোগ দিতে পারছেন না। সমিতি বিষয়টি মাননীয় ডি.পি.আই-এর নজরে আনলে তিনি বলেন পুলিশ ভেরিফিকেশন এবং মেডিক্যাল ফিটনেস টেস্ট-এর ব্যবস্থা কলেজ কর্তৃপক্ষকেই করতে হবে। সমিতি দাবি জানাচ্ছে পুলিশ ভেরিফিকেশন, মেডিক্যাল ফিটনেস টেস্টের অছিলায় নবাগত বন্ধুদের কর্মজীবনের একটি দিনও যাতে নষ্ট না হয়, সে দায়িত্ব কলেজ কর্তৃপক্ষকে নিতে হবে।

যে সব বন্ধুরা এম. ফিল নিয়ে কর্মজীবন আরম্ভ করেছিলেন এবং কর্মরত অবস্থায় পি.এইচ.ডি. করেছেন তাঁরা এম.ফিল এর জন্য দুটো ইনক্রিমেন্ট পেলেও এ বিষয়ে নির্দিষ্ট সরকারী আদেশনামা থাকা সত্ত্বেও পি.এইচ.ডি. ডিগ্রির জন্য কোন ইনক্রিমেন্ট পাচ্ছিলেন না। মাননীয় ডি. পি. আই জানান বিষয়টি বর্তমানে নির্দিষ্ট আদেশনামা অনুযায়ী পরিচালিত হচ্ছে। অর্থাৎ যেসব বন্ধুরা এম. ফিল-এর ইনক্রিমেন্ট পেয়েছেন তাঁরা কর্মরত অবস্থায় পি. এইচ. ডি. করলে অতিরিক্ত তিনটি ইনক্রিমেন্ট পাবেন। এ বিষয়ে কলেজ কর্তৃপক্ষকে বিকাশ ভবনে প্রয়োজনীয় কাগজ-পত্র পাঠাতে অনুরোধ জানাই।

সবশেষে সকল বন্ধুদের জানাই রাজ্যে সপ্তম পে কমিশন অবিলম্বে চালু করার দাবিতে বৃহত্তর আন্দোলনের জন্য প্রস্তুতি নিন।

ধন্যবাদ সহ



(কেশব ভট্টাচার্য)  
সাধারণ সম্পাদক  
মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪